

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং-১৫

নং-ভূঃমঃশাঃ-১৫ (ভূঃসঃবোঃ)২০১/৮৮/৪১২

তারিখ: ২০/৫/৮৯ ইং
৯/২/৯৬ বাং

আদেশ

ভূমি আপীল বোর্ড অধ্যাদেশ, ১৯৮৯ (অধ্যাদেশ নং ২) এর ৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে, সরকারের তদারকী ও নিয়ন্ত্রণ সাপেক্ষে ভূমি আপীল বোর্ডের নিকট নিম্নোক্ত কার্যাবলী সম্পাদনের দায়িত্ব অর্পণ করা হইলঃ

(১) বোর্ড নিম্নলিখিত বিষয়ে নির্ধারিত সময়সীমার মধ্যে জেলা (কালেক্টর)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও বিভাগীয় কমিশনারগণের রায়/সিদ্ধান্ত এর বিরুদ্ধে আইন ও বিধি মোতাবেক উপযুক্ত ক্ষেত্রে আপীল/পুনঃবিবেচনার আবেদনসমূহের আইনানুগ নিষ্পত্তি করিবেনঃ-

- (ক) ভূমি সংক্রান্ত মামলা;
- (খ) নামজারী ও খারিজ মামলা;
- (গ) পরিত্যক্ত, অর্পিত ও বিনিময় সম্পত্তি বিষয়ক মামলা;
- (ঘ) সায়রাত ও জলমহাল সংক্রান্ত মামলা;
- (ঙ) ভূমি রেকর্ড সম্পর্কিত মামলা;
- (চ) ভূমি উন্নয়ন কর, সার্টিফিকেট মামলা;
- (ছ) ওয়াকফ/দেবোত্তর সম্পত্তি সংক্রান্ত মামলা;
- (জ) খাসজমি বন্দোবস্ত সংক্রান্ত মামলা।

(২) সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে ক্ষেত্র বিশেষ বোর্ড ও বিভাগীয় পর্যায়ে বিবেচনাধীন উপরের বিষয়গুলি সম্পর্কে তদন্ত প্রতিবেদনের আদেশ দিতে পারিবেন এবং বিশেষ এবং উপযুক্ত ক্ষেত্রে নথি তলব করিয়া বিবেচনাপূর্বক যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন।

(৩) উপরোক্ত বিষয়াদি ছাড়াও বোর্ড নিম্নলিখিত দায়িত্ব পালন করিবেন -

- (ক) বোর্ডের সকল সংস্থাপন ও হিসাব সম্পর্কিত সাধারণ প্রশাসন;
- (খ) সরকার কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত অন্যান্য দায়িত্ব ও শুনানী।
- (৪) বোর্ড ভূমি সংক্রান্ত আইন ও বিধি সম্পর্কে সরকার কর্তৃক প্রেরিত বিষয়াদিতে মন্তব্য ও পরামর্শ প্রদান করিবেন।
- (৫) উপরোক্ত সকল কার্যাবলী সরকার কর্তৃক গৃহীত ও জারীকৃত আইন, বিধি, বিধান নীতিমালা ও আদেশ অনুযায়ী পরিচালিত হইবে।

(৬) এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে এবং ইতিপূর্বে জারীকৃত এতদসংক্রান্ত সকল আদেশ বাতিল বলিয়া গণ্য হইবে।

স্বা/- এম, মোকাম্মেল হক
২০/৫/৮৯ ইং
সচিব
ভূমি মন্ত্রণালয়

অনুলিপি প্রেরণ করা হইল:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। রাষ্ট্রপতির মুখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয়।
- ৩। সচিব/ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব মন্ত্রণালয়/বিভাগ।
- ৪। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড।
- ৫। মাহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৬। ভূমি সংস্কার কমিশনার ও চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড।
- ৭। বিভাগীয় কমিশনার (সকল)
- ৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/ভূমি অধিগ্রহণ) (সকল)।
- ৯। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা।
- ১০। তত্ত্বাবধায়ক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-পরবর্তী গেজেটে প্রকাশনার জন্য অনুরোধ করা হইল।

স্বা/- সৈয়দ আসগার আলী
২০/৫/৮৯ ইং
উপ-সচিব
ভূমি মন্ত্রণালয়।